# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

১) প্রাধনমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ নতুন দিল্লীতে ৬২ হাজার কোটি টাকার অধিক মূল্যের যুবকেন্দ্রিক পদক্ষেপের সূচনা ।

২) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয়ের ২ বছর বয়স অনুর্ধ শিশুদের সর্দি-কাশির ঔষধ না দেওয়ার পরামর্শ ।

৩) সিঙ্গাপুরে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনার তদন্তের উদ্দেশ্যে গৌহাটি হাইকোর্টের বিচারপতি সৌমিত্র শইকীয়ার নেতৃত্বে একটি ন্যায়িক কমিশন গঠন ।

এবং

৪) মিশন শক্তি প্রকল্পের অধীনে কাছাড় জেলার শিলকুড়িতে ৮ কোটি ৪ লক্ষ টাকা ব্যায় সাপেক্ষে কর্মরত মহিলাদের জন্য একটি হোষ্টেলের ভিত্তি প্রস্তর স্থাপন ।

-------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে ৬২ হাজার কোটি টাকার অধিক মূল্যের যুবকেন্দ্রিক পদক্ষেপের সূচনা করেছেন । যুব দক্ষতার জন্য একটি ঐতিহাসিক পদক্ষেপ হিসেবে প্রধানমন্ত্রী সমগ্র দেশে ১ হাজার আই টি আই উন্নীতকরণের জন্য পি এম সেতুর শুভ সূচনা করেন । এই উপলক্ষে এক সমাবেশকে সম্মোধন করে তিনি বলেন যে রাষ্ট্র গঠনে কর্ম দক্ষতা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । প্রধানমন্ত্রী বলেন যে যুব শক্তিকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে তার সরকার দক্ষতা এবং উদ্ভাবন মূলক পদক্ষেপের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছে । ভারতবর্ষ জ্ঞান এবং দক্ষতা সমৃদ্ধ একটি বৌদ্ধিক দেশ , এই শক্তিই আমাদের অগ্রগতির প্রধান হাতিয়ার বলে তিনি তার ভাষণে উল্লেখ করেন । আই টি আই সমূহ একটি আত্মনির্ভর ভারতের কর্মশালা বলেও প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

একই সঙ্গে শ্রী মোদী আসাম সহ ৩৪টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের জন্য নবোদয় বিদ্যালয় এবং একোলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ের ১ হাজার ১২টি দক্ষতা বিকাশ কেন্দ্রের উদ্বোধন করেন । প্রধানমন্ত্রী এই দক্ষতা দিক্ষান্ত সমারোহে আই টি আই-র শীর্ষ স্থান অধিকার করা যুবক-যুবতীদের সংবর্ধনা জানান ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্ব্যস্থ্য মন্ত্রনালয় ২ বছর বয়স অনুর্ধ শিশুদের সর্দি-কাশির ঔষধ না দেওয়ার পরামর্শ দিয়েছে । মন্ত্রনালয় বলেছে যে সাধারণত ৫ বছর বয়সের নীচের শিশুদের সর্দি-কাশির ঔষধ না দেওয়ার পরামর্শ দেওয়া হয় এবং ৫ বছর বয়সের উর্দ্ধের শিশুদের ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ ও তত্বাবোধানে সাবধানতা অবলম্বন করে এ ধরণের ঔষধ দেওয়া উচিৎ । তবে মন্ত্রনালয় এই বিষয়ে বিস্তারিত বিশ্লেষের পর সবগুলি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের স্বাস্থ্য বিভাগের সঞ্চালকালয়ের কাছে একটি পত্র প্রেরণ করে ২ বছর বয়স অনুর্ধ শিশুদের সর্দি-কাশির ঔষধ না দেওয়ার পরামর্শ দিয়েছে । ওই পত্রে ২ বছর বয়স অনুর্ধ শিশুর বেশিরভাগ সর্দি-কাশি সম্পর্কীত রোগ ঔষধ ছাড়াই সুস্থ হয়ে যায় এবং সে ক্ষেত্রে কোন ধরণের ঔষধের প্রয়োজন হয় না বলে উল্লেখ করা হয়েছে । সম্প্রতি মধ্যপ্রদেশে বেশ কয়েকটি শিশুর এই ঔষধ প্রয়োগে প্রাণহানির ঘটনার পরিপ্রেক্ষিতে মন্ত্রনালয় এই নির্দেশ জারী করেছে ।

-----------------------------------------------------------------------------------

সিঙ্গাপুরে জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কে রাজ্য সরকার গৌহাটি হাইকোর্টের বিচারপতি সৌমিত্র শইকীয়ার নেতৃত্বে একটি ন্যায়িক কমিশন গঠন করেছে । রাজ্যসরকার এক অধিসূচনা যোগে গতকাল রাত এই তথ্য প্রকাশ করেছিল । এর আগে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জুবিন গার্গের মৃত্যুর তদন্ত প্রক্রীয়ায় কোন ধরণের আপোশ করা হবে না বলে অবগত করে তদন্ত কমিশন গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সামাজিক মাধ্যমে প্রকাশ করেছিলেন ।

জি এম সি তে সম্পন্ন হওয়া জুবিন গার্গের দ্বিতীয় মরণোত্তর পরীক্ষার প্রতিবেদন আজ আদালতে দাখিল করা সহ জুবিন গার্গের পত্নী গরিমা গার্গের হাতে তুলে দেওয়া হয়েছে তবে শ্রমতী গার্গ সঙ্গে সঙ্গেই সেই প্রতিবেদন পুলিশের কাছে সমঝে দিয়েছেন । স্বচ্ছ , আবাধ ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে এই প্রতিবেদন আদালত এবং পুলিশের কাছে থাকা উচিৎ বলে শ্রমতী গার্গ সাংবাদিকদের জানিয়েছেন ।

( বাইট )

এদিকে এস আই টি আজ গরিমা গার্গ এবং জুবিন গার্গের ভাগ্নী পামী বরঠাকুরের ভাষ্য গ্রহণ করেছে । এই ঘটনা সম্পর্কে আজ এস আই টি জুবিন গার্গের সহ শিল্পী সুইটি দাস এবং সাংবাদিক প্রণয় বরদলৈর ভাষ্যও গ্রহণ করে । এদিকে এই ঘটনা সম্পর্কে গ্রেপ্তার করা শেখরজ্যোতি গোস্বামী , অমৃতপ্রভা মহন্ত সহ মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং সিদ্ধার্থ শর্মাকেও সি আই ডি জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে । আগেই জানানো হয়েছে যে তদন্তকারী দল সিঙ্গাপুরে জুবিন গার্গের সঙ্গে সাগরে যাওয়া আসাম এশোসিয়েশনের ১১ জন সদস্যকে আগামী সোমবারের মধ্যে হাজির হওয়ার নির্দেশ জারী করেছে ।

---------------------------------------------------------------------------------

বি পি এফ প্রধান হাগ্রামা মহিলারী আগামীকাল কোকরাঝারের বি টি সি সচিবালয় খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে বি-টি-আর-এর নতুন মুখ্য কার্যবাহী সদস্য হিসেবে শপথ গ্রহণ করবেন । ইতিমধ্যেই শপথ গ্রহণ অনুষ্ঠানের চূড়ান্ত প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে । রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য এবং মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । মুখ্য সচিব ডক্টর রবি কোটা বি-টি-সির কার্যবাহী পরিষদের নবনির্বাচিত সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন । আগামীকাল বেলা ১১টায় এই শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে ।

উল্লেখ্য যে বি টি সির সর্বাঙ্গীন উন্নয়নের স্বার্থে বি পি এফ , এন ডি এর অংশীদারি দল হবে বলে শ্রী মহিলারী মত প্রকাশ করেছেন । তবে এর আগে ইউ পি পি এল-এর সঙ্গে এন ডি এ-কে সব সম্পর্ক ছিন্ন করতে হবে বলেও তিনি শর্ত আরোপ করেছেন । এই শর্ত রাজনৈতিক প্রেক্ষাপটে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করবে বলে ধারণা করা হচ্ছে । শ্রী মহিলারীর শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রথম পর্যায়ে আগামীকাল ১০ জন কার্যবাহী সদস্য অর্ন্তভুক্ত হবেন । পরিষদ গঠনের পর ভূমিহীন বৈধ নাগরিকদের জমির পাট্টা প্রদানের ওপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করবেন বলে শ্রী মহিলারী উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের উপজাতি পরিক্রমা মন্ত্রনালয়ের উদ্যোগে রূপায়িত আদি কর্মযোগী অভিযান রাজ্যের বিভিন্ন জেলায় রূপায়ন করা হচ্ছে । সেবা , নিষ্ঠা এবং সংকল্প নীতির দ্বারা পরিচালিত এই অভিযানের মাধ্যমে সমগ্র দেশের ৩০টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ১ লক্ষ উপজাতী গ্রাম , ৩ হাজার উন্নয়ন খন্ড এবং ৫শো ৫০টি জেলাকে এর আওতায় নিয়ে আসা হয়েছে । এই অভিযানের মাধ্যমে উপজাতী বসতি

অঞ্চলে রূপান্তর সাধনের উদ্দেশ্যে ২০ লক্ষ উপজাতী ক্যাডার প্রস্তুত করার লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে ।

---

রাজ্য সরকারের মিশন শক্তি প্রকল্পের অধীন কাছাড়ের বড়খলা বিধানসভার অর্ন্তগত শিলকুড়িতে কর্মরত মহিলাদের জন্য একটি হোস্টেলের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে । ৮ কোটি ৪ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে আজ এই হোস্টেলটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই । এতে উপস্থিত ছিলেন সাংসদ পরিমল শুক্লবৈদ্য , জেলা আয়ুক্ত মৃদুল যাদব , অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা ভারপ্রাপ্ত জেলা সমাজ কল্যাণ আধিকারিক দীপা দাস প্রমুখ । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রী শ্রী রাই তার ভাষনে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন রাজ্য সরকার বরাক ও ব্রক্ষ্মপুত্র উপত্যকার সম উন্নয়নে প্রতিশ্রুতিব্ধ বলে উল্লেখ করে সরকার গৃহীত উন্নয়নমূলক নীতির অধীনে রাজ্যের প্রতিটি স্থানের জন্য উন্নয়ন মুলক প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে জানান । এই হোস্টেলটি নির্মান হলে বিভিন্ন বিভাগের মহিলা কর্মীরা উপকৃত হবে বলে উল্লেখ করে শ্রী রাই হোস্টেলের নিরাপত্তা ব্যবস্থা ও সুদৃঢ থাকবে বলে জানিয়েছেন । বাইট---

সাংসদ পরিমল শুক্লবৈদ্য কাছাড়ে এধরণের প্রথম এই মহিলা হোস্টেল নির্মানের পদক্ষেপের কথা উল্লেখ করে বলেন সরকারের উন্নত নীতির জন্য মহিলাদের উপকৃত তথা সবলীকরণের জন্য এই প্রকল্প গ্রহণ করা হয়েছে । নিজেদের পরিবার থেকে যেসকল শিক্ষার্থী এবং কর্মরত মহিলা দূরে থাকেন তারা এই হোস্টেলটির কাজ সম্পূর্ন হয়ে গেলে খুব ই উপকৃত হবেন বলে আশা প্রকাশ করেন ।তিনি হোষ্টেলটি মহিলাদের উন্নয়ন তথা সবলীকরনের আদর্শ হিসেবে পরিগনিত হবে বলে মন্তব্য করেন ।

জেলা আয়ুক্ত তার ভাষনে বলেন ৮ কোটি ৪ লক্ষ টাকা ব্যয়ে ২০ কক্ষের এই হোস্টেলটি বহনযোগ্য ব্যয়ে পিজি স্টাইল সুবিধাযুক্ত করে তৈরী করা হবে ।

---

হাইলাকান্দি জেলার বাঁহাতি ব্যাটসমেন বরুণজ্যোতি মালাকার অনুর্ধ ১৯ আসাম দলে স্থান লাভ করেছেন । গত পয়লা অক্টোবর আসাম ক্রিকেট সংস্থার ঘোষণা করা ১৫ জনের রাজ্য দলে বরুণজ্যোতি মালাকারের নাম অর্ন্তভুক্ত হয়েছে । রাচিতে আগামী ৯ অক্টোবর থেকে অনুষ্ঠেয় ভীনু মানকার ট্রফির প্রথম ৩ ম্যাচের জন্য এই দল ঘোষণা করা হয়েছে । ব্লাড মাউথ ক্রিকেট একাডেমীর ছাত্র বরুণজ্যোতি মালাকার রাজ্য দলে

স্থান পাওয়ায় হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা সহ বিভিন্ন মহল থেকে তাকে অভিনন্দন জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------

আর্ন্তজাতিক প্রবীন দিবস উপলক্ষে শ্রীভূমির বেলা ভূমি বৃদ্ধাশ্রমে পয়লা অক্টোবর থেকে তিনদিনব্যাপী বিশেষ কর্মসূচী প্রবীন যত্নে যুব সম্পৃক্ততা অনুষ্ঠিত হয় । প্রবীন ও তরুন প্রজন্মের অংশ গ্রহণে গল্পপাঠ , সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির মাধ্যমে এই দিবস পালন করা হয় ।অনুষ্ঠানটির আয়োজন করে মেরা যুবা ভারত শ্রীভূমি । অনুষ্ঠানে বৃদ্ধাশ্রমের পক্ষ থেকে অনেকেই আবৃত্তি , সংগীত পরিবেশন করেন ।

------------------------------------------------------------------------------------